শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ


# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২) ৯৯৬৬৯৫৩২৩, ফ্যাক্স-০২-৯৯৬৬৯৫৩১৬, ৯৯৬৬৯৫৩৩৩, পিএবিএক্স: ৯৯৬৬৯৫৩১০-১৪

# BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY

GAZIPUR-1706, BANGLADESH. TELEPHONE-(02) 996695323, FAX-880-02-996695316, 996695333, PABX- 996695310-14, WEB-www.bsmrau.edu.bd


স্মারক নং- বশেমুরকৃবি/প্র:/ই-০৫/২০২১/২৫৮০ তারিখ: ০৬/১১/২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত শিক্ষক পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| নং | পদের নাম ও বেতনক্রম | বিভাগের নাম ও পদসংখ্যা |
|---|---|---|
| ১. | অধ্যাপক (৳ ৫৬৫০০-৭৪৪০০) | ফিশারিজ বায়োলজি এন্ড এ্যাকোয়্যাটিক এনভাইরনমেন্ট-১; প্যাথবায়োলজি-১; গাইনিকোলজি, অবস্টেট্রিক্স এন্ড রিপ্রোডাক্টিভ হেলথ-১; ফরেস্ট পলিসি এন্ড ম্যানেজমেন্ট-১; ন্যাচারাল রিসোর্স এন্ড কনসারভেশন-১ |
| ২. | সহযোগী অধ্যাপক (৳ ৫০০০০-৭১২০০) | কীটতত্ত্ব-১; গ্রামীণ উন্নয়ন-১; ফরেস্ট ইকোলজি-১; সিলভিকালচার-১; উড সায়েন্স এন্ড টেকনোলজি-১; ফরেস্ট প্রটেকশন-১; রিমোট সেনসিং এন্ড জিওগ্র্যাফিক্যাল ইনফরমেশন-১; এনভাইরনমেন্টাল হ্যাজ্যার্ড এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট-১ |
| ৩. | সহকারী অধ্যাপক (৳ ৩৫৫০০-৬৭০১০) | ফসল উদ্ভিদবিদ্যা-১; কীটতত্ত্ব-১; কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন-১; উদ্ভিদ রোগতত্ত্ব-১; মৃত্তিকা বিজ্ঞান-১; ফিজিওলজি এন্ড ফার্মাকোলজি-১; এগ্রি-বিজনেস-১; গ্রামীণ উন্নয়ন-১; ফরেস্ট ইকোলজি-১; সিলভিকালচার-১; উড সায়েন্স এন্ড টেকনোলজি-১; ফরেস্ট প্রটেকশন-১; রিমোট সেনসিং এন্ড জিওগ্র্যাফিক্যাল ইনফরমেশন সিস্টেম-১; এনভাইরনমেন্টাল হ্যাজ্যার্ড এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট-১ |
| ৪. | প্রভাষক (৳ ২২০০০-৫৩০৬০) | কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন-১; উদ্ভিদ রোগতত্ত্ব-১; বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি-১; ফরেস্ট পলিসি এন্ড ম্যানেজমেন্ট-১; ন্যাচারাল রিসোর্স এন্ড কনসারভেশন-১; ইংরেজী-১; বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস-১ |

উপরোল্লিখিত পদসমূহের জন্য আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: **০৮/১২/২০২২** বিকাল ৫ ঘটিকা

আবেদনের নির্ধারিত ফরম (Prescribed Form), নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (bsmrau.edu.bd) থেকে ডাউনলোড করা যাবে। উল্লেখ্য যে, ১৮/০১/২০২১ তারিখের বশেমুরকৃবি/প্র:/ই-০৫/২০১৭/১১৫ এবং ৩০/০৬/২০২২ তারিখের বশেমুরকৃবি/প্র:/ই-০৫/২০২১/১৪৫০ সংখ্যক স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি ও ০৩/০৭/২০২২ তারিখের বশেমুরকৃবি/প্র:/ই-০৫/২০২১/১৪৬৯ সংখ্যক স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধনী মোতাবেক ইতিপূর্বে যারা সহকারী অধ্যাপক পদে আবেদন করেছেন তাদের এ নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত নির্ধারিত যোগ্যতা থাকা সাপেক্ষে নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

০৬/১১/২০২২
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার

০৬/১১/২০২২ তারিখের বশেমুরকৃবি/প্রঃ/ই-০৫/২০২১/২৫৮০ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য ও শর্তাবলী এবং বর্ণিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. সরকারি সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ২৫/০৩/২০২০ তারিখে যাদের বয়স ৩০ বছরের মধ্যে ছিল তারা বিজ্ঞাপিত প্রভাষক পদসমূহে আবেদন করতে পারবেন। এছাড়া, প্রভাষক পদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ঐ তারিখে বয়স অনধিক ৩২ বছর। এক্ষেত্রে কোটার সমর্থনে প্রয়োজনীয় প্রমাণক সংযুক্ত করতে হবে।

২. বশেমুরকৃবি ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ফরমে অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদের জন্য ১০ (দশ) সেট এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ০৮ (আট) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর বরাবর $A^4$ সাইজের কাগজে দাখিল করতে হবে।

৩. আবেদনপত্রের সাথে- ১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) নম্বরপত্র; ৩) বিএস/স্নাতক/স্নাতক (সম্মান)/সমমান এবং এমএস/স্নাতকোত্তর/সমমানের মেধাক্রমের প্রমাণক যাতে মেধাক্রম এবং অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা উল্লেখ থাকতে হবে (শুধুমাত্র প্রভাষক ও সহকারী অধ্যাপক পদের প্রার্থীদের বেলায় প্রযোজ্য); ৪) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৫) ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; ৬) জাতীয় পরিচয়পত্র; ৭) সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সরকার অনুমোদিত বা স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র; ৮) অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্র (যদি থাকে) তবে, প্রতিটি পদের নিয়োগপত্র ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদত্ত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে); ৯) প্রকাশনা রিপ্রিন্টের অনুলিপি ইত্যাদির সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে $A^4$ সাইজের কাগজে সংযোজন করতে হবে।

৪. প্রার্থীকে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি এবং স্ট্যাম্প সাইজের ১ (এক) কপি ছবি সত্যায়িত করতঃ মূল আবেদনপত্রের উপরে (ডানদিকে) সংযুক্ত করতে হবে। পাসপোর্ট সাইজের ছবির পিছনে প্রার্থীর নাম এবং পদের নাম লিখতে হবে।

৫. প্রার্থীকে ৬০০/-(ছয়শত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে, সোনালী ব্যাংক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর শাখার উপর দাখিল করতে হবে। ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৬. খামের উপর পদের নাম ও প্রেরকের ঠিকানা উল্লেখ করতে হবে। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭. নির্ধারিত ফরম ব্যতীত এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত তারিখ ও সময় (০৮/১২/২০২২ বিকাল ৫ ঘটিকা) এর পর হাতে হাতে/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/অন্য কোন মাধ্যমে আসা আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৮. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা এবং/অথবা সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। এজন্য কোন ভ্রমণ বা অবস্থান ভাতা দেয়া হবে না। পরীক্ষার তারিখ, সময় ও স্থান ই-মেইল ঠিকানায় পত্র মারফত/সংশ্লিষ্ট প্রার্থীর বর্তমান ঠিকানায় ডাকযোগে অথবা মোবাইল নম্বরে এসএমএস (SMS) মারফত জানানো হবে।

৯. নিয়োগপ্রাপ্তদের বাসা প্রাপ্তি সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করতে হবে।

১০. এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক প্রণীত পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকা অনুযায়ী এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ বর্তমানে যে পদে কর্মরত আছেন শুধুমাত্র ঐ পদের পরবর্তী পদে নিয়োগের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তিতে প্রকাশিত যোগ্যতা, অভিজ্ঞতা ও শর্তাবলীর পরিবর্তে এর পূর্বে প্রচলিত নিয়ম (যোগ্যতা, অভিজ্ঞতা ও শর্তাবলী) অনুসরণ করা হবে।

১১. "অভিজ্ঞতা" অর্থ কোন পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান অথবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীকাল-কে বুঝাবে।

১২. শিক্ষকতার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে কেবলমাত্র কোন স্বীকৃত আন্তর্জাতিক মানের গবেষণা প্রতিষ্ঠানের গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর বিষয় বিবেচনা করা হবে।

# শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

| নং | পদের নাম ও বেতনক্রম | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) |
|---|---|---|
| ১. | অধ্যাপক<br>৳ ৫৬৫০০-৭৪৪০০/- | ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ হতে ন্যূনতম জিপিএ ৩.৫ সহ স্নাতক এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে সমমানের জিপিএ বা প্রথম শ্রেণীসহ সমমানের ডিগ্রি; খ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রি; গ) এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৪.৫ অথবা প্রথম বিভাগ থাকতে হবে; ঘ) কোন স্বীকৃত জার্নালে ১৫টি প্রকাশনা, তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৫টি প্রকাশনা থাকতে হবে।<br><br>**অভিজ্ঞতা:** ক) পিএইচডি বা সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ১২ (বার) বছরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক পদে কমপক্ষে ৪ (চার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে; খ) পিএইচডি বা সমমানের ডিগ্রি না থাকলে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ১৪ (চৌদ্দ) বছরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>উপরোক্ত শর্তাবলীযুক্ত প্রার্থী পাওয়া না গেলে স্নাতক সম্মান শ্রেণীতে প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ-সহ মোট ৩ (তিন) টি প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকতে হবে। |
| ২. | সহযোগী অধ্যাপক<br>৳ ৫০০০০-৭১২০০/- | ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ হতে ন্যূনতম জিপিএ ৩.৫ সহ স্নাতক এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে সমমানের জিপিএ বা প্রথম শ্রেণীসহ সমমানের ডিগ্রি; খ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রি; গ) এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৪.৫ অথবা প্রথম বিভাগ থাকতে হবে; ঘ) কোন স্বীকৃত জার্নালে ৭টি প্রকাশনা, তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে ৩ টি প্রকাশনা থাকতে হবে ।<br><br>**অভিজ্ঞতা:** ক) পিএইচডি বা সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ৭ (সাত) বৎসরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহকারী অধ্যাপক পদে কমপক্ষে ৪ (চার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে; খ) পিএইচডি বা সমমানের ডিগ্রি না থাকলে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ৯ (নয়) বৎসরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহকারী অধ্যাপক পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>উপরোক্ত শর্তাবলীযুক্ত প্রার্থী পাওয়া না গেলে স্নাতক সম্মান শ্রেণীতে প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ-সহ মোট ৩ (তিন) টি প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকতে হবে। |

| | | |
|---|---|---|
| ৩. | সহকারী অধ্যাপক<br>৳ ৩৫৫০০-৬৭০১০/- | ১. সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক অথবা স্নাতক (সম্মান) অথবা ৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর/এমএস/এমএসসি/এমফিল ডিগ্রি থাকতে হবে।<br>২. SSC ও HSC অথবা সমমানের পরীক্ষায় সিজিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.৫০ অথবা প্রথম বিভাগ থাকতে হবে।<br>৩. সংশ্লিষ্ট অনুষদ/বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ বা প্রথম বিভাগ থাকতে হবে অথবা সংশ্লিষ্ট অনুষদ/বিভাগে ০৫ (পাঁচ) বছর মেয়াদি ডিভিএম/সমমান পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ বা প্রথম বিভাগ থাকতে হবে।<br>৪. সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক অথবা স্নাতক (সম্মান) অথবা ০৫ (পাঁচ) বছর মেয়াদি ডিভিএম/সমমান পরীক্ষায় মেধাভিত্তিক শীর্ষ ১০% ছাত্র/ছাত্রী সহকারী অধ্যাপক পদে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন।<br>**অভিজ্ঞতা**<br>**মাস্টার্স অথবা এমএস অথবা এমএসসি অথবা এমফিল/সমতুল্য ডিগ্রিধারী প্রার্থীদের** বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। তবে প্রভাষক হিসেবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী না পাওয়া গেলে উপরোক্ত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে ০৫ (পাঁচ) বছরের গবেষণার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে বিবেচনা করা হবে।<br>**পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীগণ** উপরোক্ত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে সরাসরি সহকারী অধ্যাপক পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।<br>**প্রকাশনা**<br>স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে; যেগুলির মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকতে হবে। |
| ৪. | প্রভাষক<br>৳ ২২০০০-৫৩০৬০/- | ১. সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক অথবা স্নাতক (সম্মান) অথবা ৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর/এমএস/এমএসসি/এমফিল ডিগ্রি থাকতে হবে।<br>২. SSC ও HSC অথবা সমমানের পরীক্ষায় সিজিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.৫০ অথবা প্রথম বিভাগ থাকতে হবে।<br>৩. সংশ্লিষ্ট অনুষদ/বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ বা প্রথম বিভাগ থাকতে হবে অথবা সংশ্লিষ্ট অনুষদ/বিভাগে ০৫ (পাঁচ) বছর মেয়াদি ডিভিএম/সমমান পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ বা প্রথম বিভাগ থাকতে হবে।<br>৪. সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক অথবা স্নাতক (সম্মান) অথবা ০৫ (পাঁচ) বছর মেয়াদি ডিভিএম/সমমান পরীক্ষায় মেধাভিত্তিক শীর্ষ ১০% ছাত্র/ছাত্রী প্রভাষক পদে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন।<br>৫. বয়স অনধিক ৩০ বছর (২৫/০৩/২০২০ তারিখের হিসেবে)। |

০৬/১১/২০২২
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার